# এক মাস পর জুলাইযোদ্ধা সার্টিফিকেট দেব, পার পিস ৫০ টাকা: উমামা



উমামা ফাতেমা। ছবি: সংগৃহীত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমার একটি ফেসবুক পোস্ট ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনা শুরু হয়েছে। ব্যঙ্গাত্মক ঢঙে দেওয়া ওই পোস্টে তিনি 'জুলাইযোদ্ধা সার্টিফিকেট' দেওয়ার কথা উল্লেখ করেন।

বুধবার (১ জুলাই) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে উমামা লেখেন, "জুলাইয়ের এই এক মাস জুলাই সবার থাকবে, ঠিক আছে?"

এরপর তিনি আরও লেখেন, "এক মাস পর থেকে জুলাই আমার সম্পত্তি। আমি সবাইকে জুলাইযোদ্ধা সার্টিফিকেট দেব, পার পিস ৫০ টাকা। ভোটের সময় সার্টিফিকেটপ্রাপ্তদের সঙ্গে জোট করব। দারুণ সব টাইটেল হবে— 'জুলাইয়ের ফিনিক্স পাখি', 'জুলাইয়ের আবাবিল পাখি', 'জুলাইয়ের ইমাম', 'জুলাইয়ের মাস্টারমাইন্ড'।"

পোস্টের শেষদিকে তিনি প্রশ্ন রাখেন, "কেমন লাগল আইডিয়াটা?"

পোস্টটি প্রকাশের পর সামাজিক যোগাযোগমাধ্যমে মিশ্র প্রতিক্রিয়া দেখা যায়। কেউ এটিকে বর্তমান রাজনৈতিক পরিস্থিতির প্রতি ব্যঙ্গাত্মক মন্তব্য হিসেবে দেখছেন, আবার কেউ এর ভেতরে ভিন্ন ধরনের বার্তা খুঁজে পাচ্ছেন।